তারিখ ... 10. 2. 85
পৃষ্ঠা... ... 1 ... কলাম ... 1 ...



গতকাল আরমানিটোলার আনোয়ার শফিক ছাত্রাবাসে অগ্নিসংযোগ করা হয় —দৈনিক বাংলা।

## ছুরিকাহত ঃ গ্রেফতার ২০ ঃ দোকানপাট বন্ধ

# পুরান ঢাকায় ফের হাঙ্গামাঃ ২টি ছাত্রাবাসে আগুন

(স্টাফ রিপোর্টার)

মালিটোলার ঘটনার জের হিসাবে গতকাল পুরান ঢাকার ব্যাপক এলাকায় কয়েক দফা গোলযোগ এবং দুটি ছাত্রাবাসে অগ্নিসংযোগের ফলে কমপক্ষে ২০ জন আহত হয়েছে। নজরুল ইসলাম নামের একজন ছাত্রকে ছুরিকাহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। গোলযোগের দায়ে পুলিশ অন্তত বিশ ব্যক্তিকে গ্রেফতার করেছে। আরো গোলযোগ এবং সংঘর্ষের আশংকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে।

পুরান ঢাকার অধিবাসীদের ভাষায়, ছাত্র নামধারী দুষ্কৃতকারীদের অত্যাচারের প্রতিবাদে গতকাল

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### জগন্নাথ কলেজ ১৬ দিনের জন্য বন্ধ

ছাত্রদের জীবন বিপন্ন হয়ে পড়ায় গতকাল শনিবার থেকে জগন্নাথ কলেজ ১৬ দিনের জন্যে বন্ধ করে দেয়া হয়েছে। বাসস উক্ত কলেজের এক প্রেস বিজ্ঞপ্তির বরাত দিয়ে একথা জানিয়েছে।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### জগন্নাথ কলেজ

(১ম পৃঃ পর)

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, স্থানীয় কিছু লোক কলেজের ...ায় সবগুলি হোস্টেলেই হামলা চালায় এবং এতে ছাত্রদের জীবন বিপন্ন হয়ে পড়ে।

প্রেস বিজ্ঞপ্তিতে ছাত্রদের নিরা...র নিশ্চয়তা বিধানে আইন ...গকারী সংস্থাসমূহের নিষ্ক্রি...রও অভিযোগ করা হয়।

দৈনিক বাংলা

তারিখ ... 10.2.85
পৃষ্ঠা... ... 1 ... কলাম ... 1 ...



আরমানিটোলায় বিশৃংখলা সৃষ্টিকারীদের পুলিশ ছত্রভঙ্গ করছে —দৈনিক বাংলা।

# ছাত্রাবাসে আগুন

(১ম পৃঃ পর)

গোলযোগপূর্ণ এলাকার সকল দোকান-পাট, ব্যবসা প্রতিষ্ঠান ও ছোট কারখানা বন্ধ রাখা হয়। বিকাল পর্যন্ত নর্থসাউথ রোড এবং আশপাশের অনেক রাস্তায় যানবাহন চলাচলও বন্ধ থাকতে দেখা যায়। বিকালে নর্থসাউথ রোডে পুরান ঢাকার বিভিন্ন ওয়ার্ড চেয়ারম্যান এবং নেতৃস্থানীয় ব্যক্তিদের উপস্থিতিতে এক প্রতিবাদ সভা হয়। সভায় অবিলম্বে পুরান ঢাকা থেকে সকল ছাত্রাবাস উঠিয়ে নেয়ার এবং মালিটোলার সংঘর্ষের জন্যে দায়ী ছাত্রনামধারীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও সকল প্রকার চাঁদা আদায় বন্ধ করার দাবী জানানো হয়।

গতকালের গোলযোগ সম্পর্কে ঊর্ধ্বতন পুলিশ সূত্রে বলা হয়ঃ সকাল এগারোটার দিকে ছাত্রদের বিরুদ্ধে শ্লোগান প্রদানকারী কয়েক হাজার লোকের একটি মিছিলের ওপর আরমানিটোলা আনোয়ার শফিক ছাত্রাবাস থেকে ইট-পাটকেল ও পটকা নিক্ষেপ শুরু হলে মিছিলকারীরা ক্ষিপ্ত হয়ে ছাত্রাবাসটির উপর হামলা চালায়। তারা ছাত্রাবাসে আগুন ধরিয়ে দেয়। এতে ছাত্রাবাসের প্রায় সব কটি কক্ষই ক্ষতিগ্রস্ত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশকে কয়েক দফা লাঠি চার্জ ও কাঁদানে গ্যাস নিক্ষেপ করতে হয়। এসময় ছাত্রাবাসের চার নম্বর কক্ষ থেকে ছুরিকাহত অবস্থায় দ্বিতীয় বর্ষের ছাত্র নজরুল ইসলামকে উদ্ধার করা হয় ...লে মেডিক্যাল সূত্রে জানা গেছে।

দুপুর একটার দিকে নলগোলায় শহীদ সোহরাওয়ার্দী কলেজ ছাত্রাবাসেও অগ্নিসংযোগ করা হয়।

এসব গোলযোগের ফলে গতকাল সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত মালিটোলা, ইংলিশ রোড, আরমানিটোলা, বংশাল, নর্থসাউথ রোড, ...বাবপুর এবং ইসলামপুর এলাকায় থমথমে ভাব বিরাজ করে। কোন কোন এলাকার নিরীহ অধিবাসীদের বাড়ি ছেড়ে নিরাপদ স্থানে সরে যেতেও দেখা যায়।

এলাকায় পুলিশ টহল জোরদার করা হয়েছে।

এদিকে স্থানীয় অধিবাসীরা বিকালের প্রতিবাদ সভায় ঘোষণা করেছে যে পুরান ঢাকা থেকে সকল ছাত্রাবাস উঠিয়ে দিতে তারা বদ্ধপরিকর। ৩৪ নম্বর ওয়ার্ডের চেয়ারম্যান জনাব মোঃ সোলায়মানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অভিযোগ করা হয় যে ছাত্রনামধারী এক শ্রেণীর দুর্বৃত্ত সংশ্লিষ্ট এলাকায় সন্ত্রাসের রাজত্ব প্রতিষ্ঠা করেছে। তারা জোরপূর্বক ব্যবসায়ীদের কাছ থেকে চাঁদা আদায়, হাইজ্যাক, রাহাজানীর চেষ্টাসহ বিভিন্ন সমাজ বিরোধী কার্যকলাপের মাধ্যমে জনজীবন অতিষ্ঠ করে তুলছে।

সভায় অবিলম্বে দুষ্কৃতকারীদের গ্রেফতার, সকল ছাত্রাবাস স্থানান্তর এবং কয়েকটি ছাত্রাবাসকে মেয়েদের স্কুলে রূপান্তরসহ মালিটোলার সংঘর্ষে আহত-নিহত এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে উপযুক্ত ক্ষতিপূরণ দানের দাবী জানানো হয়। এই প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন সর্বজনাব নাসির আহমদ, আবদুল হালিম, ফজলুল করীম, বাবুল হোসেন, মোহাম্মদ সিরাজ উদ্দীন, আলহাজ আব্দুর রহিম এবং মোহাম্মদ হানিফ।

অন্যদিকে বাংলাদেশ বিপ্লবী ছাত্র ইউনিয়ন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ব্যবস্থাপনা ফোরাম এবং নতুন বাংলা ছাত্রসমাজের কেন্দ্রীয় কার্যকরী কমিটি গতকাল পৃথক বিবৃতিতে ছাত্রাবাসে অগ্নিসংযোগ এবং ছাত্রদের উপর হামলার অভিযোগ করে এসব ঘটনার জন্যে পুরান ঢাকার কতিপয় ভিসিআর ব্যবসায়ীকে দায়ী করেছে।

বিবৃতিতে অভিযোগ করা হয় যে এসব ব্যক্তির অবৈধ কার্যকলাপের প্রতিবাদ করতে গিয়েই ঐতিহ্যবাহী জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্ররা নির্যাতনের শিকার হচ্ছে। তাদের হোস্টেলগুলো জ্বালিয়ে দেয়া হচ্ছে।

বিবৃতিতে অবিলম্বে উক্ত এলাকার মুষ্টিমেয় অপরাধীর বিরুদ্ধে